



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, এফ-১/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা
[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড অ্যাডভান্স রুলিং শাখা]



নথি নং- ০৮.০১.০০০০.০৫৪.০৩.০০২.২৬/৭১

তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি।

বিষয়: M/S Allince Trade International কর্তৃক আমদানিকৃত Magnetic Starter (DOL Starter) নামীয় পণ্যের সঠিক HS Code নির্ধারণ।

সূত্র: কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এর পত্র নং-৫-কাস(৩৯৮৭)আমঃ/আইসিডি/গুপ-৬/২০২৩/৪২৯৮, তারিখ: ২৩/০৬/২০২৬ খ্রি।

আমদানিকারক M/S Allince Trade International, ১৪৪/২ নবাবপুর রোড, ঢাকা (BIN: 001511746-0205) কর্তৃক আমদানিকৃত Magnetic Starter (DOL Starter) ঘোষণায় পণ্য শুল্কায়নের জন্য বিল অব এন্ট্রি নং সি-২২৭৬, তারিখ: ২৩/০১/২০২৩ খ্রি. দাখিল করা হয়। আমদানিকৃত পণ্যের এইচ এস কোড ঘোষণা করা হয়েছে ৪৫৩৬.৩০.৯০। পরবর্তীতে সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সি আই সি) এবং কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা যৌথভাবে পণ্যের বর্ণনা এবং নমুনা ইত্যাদি পর্যালোচনা করে এইচ এস কোড ৪৫৩৬.৫০.০০ নির্ধারণ করা হলে আমদানিকারক উক্ত সিদ্ধান্তের সাথে দ্বিমত পোষণ করেন। বর্ণিত অবস্থায় কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা কর্তৃক পণ্যটির সঠিক এইচ এস কোড নির্ধারণের জন্য সূত্রীয় পত্র মারফত অনুরোধ করা হয়। উক্ত অনুরোধের প্রেক্ষিতে বিষয়টি গত ২৯/০৯/২০২৬ তারিখের প্রেগিবিন্যাস সংক্রান্ত সভায় উপস্থাপন করা হয়। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:

ক্রঃ নং	বিষয়	বিবরণ
১.	বিল অব এন্ট্রি নং	সি-২২৭৬, তারিখ: ২৩/০১/২০২৩
২.	সংশ্লিষ্ট কাস্টমস হাউস	কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা
৩.	আমদানিকারকের নাম ও BIN	M/S Allince Trade International 001511746-0205
৪.	পণ্যের বাণিজ্যিক নাম	Magnetic Starter (DOL Starter)
৫.	আমদানিকারক কর্তৃক ঘোষিত এইচএস কোড	৪৫৩৬.৩০.৯০
৬.	কাস্টমস হাউসের নির্ধারিত এইচএস কোড	৪৫৩৬.৫০.০০

০২। পর্যালোচনা ও সিদ্ধান্ত:

আমদানিকারক প্রতিষ্ঠান M/S Allince Trade International কর্তৃক আমদানিকৃত Magnetic Starter (DOL Starter) নামীয় পণ্যটি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ১৫/০২/২০২৬ খ্রি. তারিখে স্মারক নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৯.১৩ এর মাধ্যমে সমজাতীয় পণ্য AC Magnetic Starter বা কাস্টমস রুলিং (অগ্রিম) নং-৫২/২০২৬ অনুমোদন প্রদান করা হয়।

বিবেচ্যক্ষেত্রে আমদানিকৃত পণ্যটি সুইচ অন/অফ এর মাধ্যমে Electronic Curcuit কে Protection এর কাজ করে যাতে Electronic Curcuit এর কোন ক্ষতি না হয়। Magnetic Starter হলো মূলত Switching and protecting device.

এ প্রসঙ্গে Bangladesh Customs Tariff (BCT) এর Heading ৪৫.৩৬ এ উল্লেখ রয়েছে:

Electrical apparatus for switching or protecting electrical circuits, or for making connections to or in electrical circuits (for example, switches, relays, fuses, surge suppressors, plugs, sockets, lamp holders and other connectors, junction boxes), for a voltage not exceeding 1,000 volts; connectors for optical fibres, optical fibre bundles or cables.

Explanatory Notes এর Heading ৪৫.৩৬ এ উল্লেখ রয়েছে:

(I) APPARATUS FOR SWITCHING ELECTRICAL CIRCUITS

These apparatus consist essentially of devices for making or breaking one or more circuits in which they are connected, or for switching from one circuit to another; they may be known as single pole, double pole, triple pole, etc., according to the number of switch circuits incorporated. This group also includes change-over switches and relays.

(A) The switches of this heading include small switches for use in radio apparatus, electrical instruments, etc., switches of a kind used in domestic electrical wiring (e.g., tumbler switches, lever operated switches, rotary switches, pendant switches, push button switches) and switches for industrial application (such as, limit switches, cam switches, microswitches and proximity switches).

Switches operated by the opening or closing of a door and automatic thermo-electric switches (starters) for starting fluorescent lamps are classified here.

(II) APPARATUS FOR PROTECTING ELECTRICAL CIRCUITS

The heading includes other devices for preventing overload of circuits (e.g., electro-magnetic devices which automatically break the circuit when the current exceeds a certain value)

অর্থাৎ, আলোচ্য পণ্যটি যেহেতু একই সাথে Switching and protecting device হিসাবে কাজ করে সেহেতু তা Heading 85.36 এর অধীন শ্রেণিবিন্যাসযোগ্য।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, Bangladesh Customs Tariff (BCT), Explanatory Notes এর ব্যাখ্যা এবং General Interpretative Rules (GIR) 1 & 6 অনুযায়ী Magnetic Starter (DOL Starter) নামীয় পণ্যটি H.S. Code 8536.90.90 এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

স্বাক্ষরিত/-

রেজাউল করিম

দ্বিতীয় সচিব (অতিরিক্ত দায়িত্ব)

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

কমিশনার অব কাস্টমস

কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৫৪.০৩.০০২.২৬/৭১

তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ বেনাপোল/ মোংলা/ পানগাঁও/ ভোমরা/ আইসিডি (চট্টগ্রাম)।
- ২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/ (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/(আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
- ৩। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৫। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ✓ ৬। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। প্রথম সচিব (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮। দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৯। Proprietor, M/S Allince Trade International, ১৪৪/২ নবাবপুর রোড, ঢাকা।



রেজাউল করিম

দ্বিতীয় সচিব (অতিরিক্ত দায়িত্ব)

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং